দৈনিক ইনকিলাব

তারিখ: 16 JUL 2009

# সরকার স্কুল-কলেজে সাড়ে ৩২ হাজার শিক্ষক নিয়োগ দেবে

## -শিক্ষামন্ত্রী

**সিলেট অফিস**

শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষার গুণগতমান বৃদ্ধির লক্ষ্যে বর্তমান সরকার ২৫ হাজার প্রাইমারি শিক্ষক, সাড়ে ৪ হাজার মাধ্যমিক শিক্ষক ও ৩ হাজার কলেজ পর্যায়ে শিক্ষক নিয়োগদানের প্রক্রিয়া হাতে নিয়েছে। এ সিদ্ধান্ত বাস্তবায়ন হলে শিক্ষার গুণগতমান বৃদ্ধি পাবে। গতকাল (বুধবার) বিকেল ৩টায় গোলাপগঞ্জ উপজেলা অডিটোরিয়ামে উপজেলার বিভিন্ন সংগঠনের মধ্যে অনুদানের চেক বিতরণী

পৃঃ ৫ কঃ ৫

## সরকার স্কুল-কলেজে সাড়ে

১৬-এর পৃষ্ঠার পর

অনুষ্ঠানে তিনি প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন। অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী আরও বলেন, সরকার ইতোমধ্যে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ, রাস্তাঘাটের উন্নয়ন, গ্যাস, বিদ্যুৎ সরবরাহসহ নদী ভাঙ্গনরোধ করতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। তিনি ডিজিটাল বাংলাদেশ গড়ে তুলতে সকলের সহযোগিতা কামনা করেন। উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ নাজমুল আবেদীনের সভাপতিত্বে ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মোঃ আলতাবুর রহমানের পরিচালনায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন গোলাপগঞ্জ উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান হুমায়ুন ইসলাম কামাল, মহিলা ভাইস চেয়ারম্যান নাজিরা বেগম শীলা, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি নজমুল হক, সাধারণ সম্পাদক রফিক আহমদ প্রমুখ। অনুষ্ঠানে মন্ত্রী ১৯টি সামাজিক সংগঠনকে ৭৩ হাজার টাকা, ১১টি মসজিদকে ৫৫ হাজার টাকা, ৪টি মাদ্রাসাকে ৪০ হাজার টাকা, ৪টি মোকাম ও মসজিদকে ২০ হাজার টাকা মোট ১ লাখ ৮৮ হাজার টাকা অনুদান প্রদান করেন।